গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-২৫৪

## রাজশাহী মহানগরীর ৫৪ হাজার শিশুকে হাম-রুবেলা টিকা দেবে রাসিক

রাজশাহী; ২ বৈশাখ (১৫ এপ্রিল):

রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) ৫৪ হাজার ১৪৪ জন শিশুকে হাম-রুবেলা টিকা (এমআর) প্রদান করবে রাসিক কর্তৃপক্ষ। আগামী ২০ এপ্রিল থেকে টিকা প্রদান কার্যক্রম শুরু হবে এবং চলবে ১০ মে পর্যন্ত। চৌদ্দ কর্মদিবসের প্রথম আট কর্মদিবসে কমিউনিটি পর্যায়ে এবং শেষ ছয় কর্মদিবসে স্কুল পর্যায়ে টিকা প্রদান করা হবে।

আজ (১৫ এপ্রিল) সকালে রাসিকের সভাকক্ষে অনুষ্ঠিত হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২৬ উপলক্ষ্যে আয়োজিত এডভোকেসি সভায় এসব তথ্য জানানো হয়। রাসিক আয়োজিত এই এডভোকেসি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী সিটি কর্পোরেশনের প্রশাসক মো. মাহফুজুর রহমান রিটন। রাসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. রেজাউল করিমের সভাপতিত্বে সভায় স্বাস্থ্যের বিভাগীয় পরিচালক ডা. মো. হাবিবুর রহমান, আরএমপি'র উপ-পুলিশ কমিশনার মো. গাজিউর রহমান, সিভিল সার্জন ডা. এস.আই.এম রাজিউল করিম, ইউনিসেফ ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধি প্রমুখ বক্তৃতা করেন।

অ্যাডভোকেসি সভায় জানানো হয়, সারা দেশের ন্যায় রাজশাহীতেও হাম-রুবেলা ছড়িয়ে পড়েছে। হামের জীবাণু কোভিডের চেয়েও বেশি সংক্রামক। ১৫ এপ্রিল পর্যন্ত শুধু রাজশাহী মেডিকেলে হামের উপসর্গ নিয়ে ৬০২ জন রোগী ভর্তি হয়েছে, যার মধ্যে ৩৮ জনের হাম শনাক্ত হয়েছে। ভর্তি রোগীদের মধ্যে ৩৮৮ জন সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছে। যাদের হাম শনাক্ত হয়েছে তাদের মধ্যে কেউ মারা যায়নি, তবে হাসপাতালে ৫০ জন শিশু মারা গেছে যাদের হাম সন্দেহজনক ছিল। এবার শুধু শিশুরাই নয়, বড়োরাও হামে আক্রান্ত হয়ে সরকারি বেসরকারি হাসপাতালে ভর্তি হচ্ছে।

সভায় আরও জানানো হয়, হাম-রুবেলের টিকা নেওয়ার জন্য অনলাইন (ভ্যাক্স ইপিআই) রেজিস্ট্রেশন বাধ্যতামূলক নয়। রেজিস্ট্রেশন না করেও নেওয়া যাবে হাম-রুবেলের টিকা। যখন কমিউনিটি পর্যায়ে টিকা দেওয়া হবে তখন যেমন স্কুলের শিশুরাও টিকা নিতে পারবে, তেমনি স্কুলে টিকা দেওয়ার সময় কমিউনিটির শিশুরাও হামের টিকা নিতে পারবে।

প্রধান অতিথির বক্তৃতায় রাসিক প্রশাসক মো. মাহফুজুর রহমান রিটন বলেন, শুধু রাজশাহী মহানগরী নয়, বরং সারা জেলা ও বিভাগে হাম রোগ প্রতিরোধে কাজ করতে হবে। সিনিয়র সিটিজেনদের যেন হাম থেকে বাঁচানো যায় সেদিকে নজর দিতে হবে। এ সময় তিনি, সিটি কর্পোরেশনের পক্ষ থেকে হাম রুবেলা ক্যাম্পেইন সফল করতে সব ধরনের উপকরণ নিয়ে স্বাস্থ্য বিভাগের পাশে থাকার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য ও হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন বিষয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন রাসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. এফ. এ. এম. আঞ্জুমান আরা বেগম। সরকারি বেসরকারি দপ্তরের দপ্তর প্রধান ও প্রতিনিধিবৃন্দ এডভোকেসি সভায় অংশগ্রহণ করেন।

পরে গণমাধ্যমকর্মীদের অবহিতকরণের জন্য রাসিক প্রশাসক একই স্থানে ও একই বিষয়ে সংবাদ সম্মেলনে বক্তৃতা করেন।

.......................................................

তৌহিদ/আতিক/আলীম/২০২৬/১৫:০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd